যুগান্তর

23 MAR 2003
১৩-১

নকল প্রতিরোধে কড়াকড়ি আরোপ

# যশোর বোর্ডে এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা কমে গেছে

যশোর প্রতিনিধি

নকল প্রতিরোধে কড়াকড়ি আরোপ ও কঠোর পদক্ষেপ গ্রহণের কারণে এবার যশোর বোর্ডে এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা কমে গেছে। আগামী ২৭ মার্চ অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যশোর শিক্ষা বোর্ড থেকে মোট ১ লাখ ১৮ হাজার ১২৭ জন ছাত্রছাত্রী প্রস্তুতি গ্রহণ করেছে। এবারও ঝুঁকিপূর্ণ কেন্দ্রগুলোতে ভিডিও ক্যামেরা স্থাপনসহ বেশ কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেয়া হয়েছে। যশোর শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, এবার মানবিক বিভাগে সবচেয়ে বেশি ৭৩ হাজার ১৯৩ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এর মধ্যে ছাত্রীর সংখ্যা ৩৭ হাজার ৪৪০ জন। বিজ্ঞান বিভাগে পরীক্ষার্থীর সংখ্যা ২০ হাজার ৪০৩ জন। এর মধ্যে ছাত্রী রয়েছে মাত্র ৫ হাজার ৫৯৮ জন। ব্যবসায় শিক্ষা বিভাগে ২৪ হাজার ৫৩১ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এ বিভাগে ছাত্রী সংখ্যা ৭ হাজার ৭১ জন। যশোর বোর্ডে মোট পরীক্ষার্থীর মধ্যে বিশেষ পরীক্ষার্থী রয়েছে ৩৮ হাজার ৯০৩ জন। তারা সবাই এক বিষয়ে অকৃতকার্য হওয়ার পর আবার পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাচ্ছে। গত বছরের তুলনায় এবার ৫ হাজার ৬৫১ জন ছাত্রছাত্রী পরীক্ষায় কম অংশগ্রহণ করছে। এর কারণ ব্যাখ্যা করে যশোর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তসদিকুর রহমান যুগান্তরকে জানান, নকল করার সুযোগ না পেয়ে বহু ছাত্রছাত্রীরা পরীক্ষায় অংশগ্রহণ থেকে নিজেদের গুটিয়ে নিচ্ছে। এছাড়া স্কুলে নির্বাচনী পরীক্ষায় যারা ভাল ফল করতে পারেনি, তাদেরকেও ফরম পূরণের সুযোগ দেয়া হয়নি। পরীক্ষা নিয়ন্ত্রক আরও জানান, নকল প্রতিরোধে কঠোর পদক্ষেপ গ্রহণের কারণে যশোর বোর্ডে ধীরে ধীরে ঝুঁকিপূর্ণ কেন্দ্রের সংখ্যা কমে আসছে।